

জেলাঃ বান্দরবান

প্রশ্ন ১) সাইবার ক্রাইম নিয়ে আমাদের দেশে কি কি আইন রয়েছে?

উত্তরঃ আমাদের দেশে সাইবার ক্রাইম নিয়ে বিভিন্ন আইন রয়েছে যেমন ডিজিটাল নিরাপত্তা আইন- ২০১৮, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন- ২০০৬, পর্ণগ্রাফি আইন- ২০১২, নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০১৮ এবং দস্তবিধি ১৮৬১।

প্রশ্ন ২) VPN ব্যবহার করে কোন ওয়েবসাইটে প্রবেশ করলে সেটা হ্যাকার থেকে আমাদের আইপি হাইড করবে কিনা?

উত্তরঃ VPN ব্যবহার করে কোন ওয়েবসাইটে প্রবেশ করলে সেটা হ্যাকার থেকে আমাদের আইপি হাইড করবে। কিন্তু হ্যাকাররা সাধারণত বিভিন্নভাবে চেষ্টা করে এই আইপি বের করে ফেলে। সেইক্ষেত্রে প্রতিকার হল ফ্রি VPN ব্যবহার না করে পেইড ভার্সন ব্যবহার করতে হবে।

প্রশ্ন ৩) ভিকটিম ও অফেন্ডার যদি দেশের বাইরের হয় সেই ক্ষেত্রে কি কোন অপরাধ বলে বিবেচিত হবে কিনা?

উত্তরঃ ভিকটিম ও অফেন্ডার যদি দেশের বাইরের হয় সেই ক্ষেত্রে কি কোন অপরাধ বলে বিবেচিত হবে। ডিজিটাল নিরাপত্তা আইনের ৪ ধারা এবং আইসিটি আইনের ৪ ধারা মোতাবেক এটি অপরাধ বলে গন্য হবে। এইক্ষেত্রে অপরাধীকে ধরার বিধান CrPc 198 ধারাতে বলা আছে যে উক্ত ব্যক্তি বাংলাদেশের যে কোন স্থানে প্রবেশ করলে তাঁকে আটক করা যাবে এবং বন্দী প্রত্যাবর্তন চুক্তি ও এই ক্ষেত্রে কার্যকর হবে।

প্রশ্ন ৪) কোন মেয়ে যদি সাইবার অপরাধের শিকার হয় সেক্ষেত্রে পরিচয় গোপন করে সে কিভাবে প্রতিকার পাবে?

উত্তরঃ প্রতিকার পাওয়ার ক্ষেত্রে পরিচয় অবশ্যই কাউকে না কাউকে প্রকাশ করতে হবে। তবে এই ক্ষেত্রে সবচেয়ে ভালো হবে যদে ভিকটিম উক্ত বিষয়টা তাঁর পরিবারের সাথে শেয়ার করে।

প্রশ্ন ৫) সোশ্যাল মিডিয়াতে ব্লক বা রিমোভ না করে আমরা কিভাবে কাউকে যোগাযোগ করা থেকে বিরত থাকতে পারি?

উত্তরঃ সোশ্যাল মিডিয়াতে ব্লক বা রিমোভ করেই এই ক্ষেত্রে সমস্যার সমাধান করতে হবে। এছাড়াও যদি উক্ত ব্যক্তি পরিচিত হয় তবে পারিবারিকভাবে উক্ত সমস্যার সমাধান করা যেতে পারে।

প্রশ্ন ৬) কেউ যদি সোশ্যাল মিডিয়াতে ট্রোল করতে থাকে তবে কিভাবে আমরা প্রতিকার পেতে পারি?

উত্তরঃ কেউ যদি সোশ্যাল মিডিয়াতে ট্রোল করতে থাকে তবে আমরা ব্লক বা রিমোভ করে এর থেকে প্রতিকার পেতে পারি।

প্রশ্ন ৭) ফেসবুক আইডি সঠিক কিনা সেটা আমরা কিভাবে বুঝবো?

উত্তরঃ যদি ফেসবুক আইডিতে পূর্ণা তথ্য যেমন নাম, ঠিকানা, মোবাইল নম্বর ইমেইল থাকে তবে আমরা ধরে নেব সেই আইডিটা সঠিক। এছাড়াও আমরা ভালোভাবে যাচাই বাছাই করেই তাকে বন্ধ হিসেবে গ্রহণ করবো। যদি কোন আইডি নিয়ে বিন্দুমাত্রও সন্দেহ হয় যে এই আইডিটা সঠিক না তবে তাঁকে বন্ধ হিসেবে গ্রহণ না করাই উত্তম।